সংবাদ

18 OCT 2017

ঢাবির 'ক' ও 'চ' ইউনিট

# ভর্তি পরীক্ষার ফল প্রকাশ আজ

প্রতিনিধি, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিট এবং চারুকলা অনুষদ ভুক্ত 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল আজ দুপুর ১টায় প্রকাশ করা হবে। গতকাল বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গতকাল দুপুর ১টায় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে (কক্ষ নং-২১৪) আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করবেন। উল্লেখ্য, গত ১৩ অক্টোবর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের মোট ৮৭টি কেন্দ্রে ঢাবির ক ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ বছর ১ হাজার ৭৬৫টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৮৯ হাজার ৫০৬ জন শিক্ষার্থী। অন্যদিকে চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) অনুষ্ঠিত হয় গত ১৭ সেপ্টেম্বর আর একই ইউনিটের অঙ্কন পরীক্ষা অনুষ্ঠিত হয় ২৩ সেপ্টেম্বর। চ-ইউনিটে এবার মোট আসন সংখ্যা ১৩৫টি।

প্রাপ্তি নং

কার্যার্থে/জ্ঞাতার্থে